**বাংলাদেশ সুপ্রীম কোট**

**আপীল বিভাগ, ঢাকা।**

www.supremecourt.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ২২৭৮/২০১৫ তারিখঃ ২৩/০৭/২০১৫ইং

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রত্যেকটি পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ব্যক্তিগত কর্মকর্তা | ০১ | ৮,০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০/- এবং তৎসহ অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা সমমান পরীক্ষায় পাসসহ ইংরেজি ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২৫ শব্দের টাইপের গতি এবং ইংরেজি ও বাংলায় সাঁটলিপিতে প্রতি মিনিটে ৮০ ও ৫০ শব্দের গতি থাকতে হবে। আবেদনকারীকে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে এবং বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেটিং-এ সনদ প্রাপ্ত হতে হবে। |
| ২. | ড্রাইভার | ০১ | ৪৭০০-২৬৫×৭-৬৫৫৫-ইবি-২৯০×১১-৯৭৪৫/- এবং তৎসহ অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি। | ন্যূনতম ৮ম শ্রেণী পাসসহ পাঁচ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বৈধ লাইসেন্সের মেয়াদ ইস্যুর তারিখ হতে আবেদনপত্র দাখিলের শেষ তারিখে অবশ্যই ০৫ (পাঁচ) বছর হতে হবে। |
| ৩. | অফিস সহায়ক | ০১ | ৪১০০-১৯০x৭-৫৪৩০-ইবি-২১০x১১-৭৭৪০/- এবং তৎসহ অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি। | ন্যূনতম এস,এস,সি পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |

**শর্তাবলীঃ-**

১। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd/web/notices.php?notice_type=2) হতে ডাউনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম/উক্ত ডাউনলোডকৃত ফরমের ফটোকপি পূরণ করে আবেদন করা যাবে। নির্ধারিত ফরমে আবেদনপত্র স্বহস্তে পূরণ করে আগামী ১৩/০৮/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌঁছাতে হবে।

২। প্রার্থীর বয়সসীমা ১৩/০৮/২০১৫ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে ছবি ও ট্রেজারী চালান ব্যতিত অন্যকোন কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের ০১ সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৪। ০১ নং ক্রমিকে বর্ণিত পদে আবেদনকারীগণকে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান প্রদত্ত কম্পিউটার অপারেটিং-এ অভিজ্ঞতা ও সাঁটলিপিতে দক্ষতার সনদপত্র থাকতে হবে।

৫। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ১ নম্বর ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকা, ২ নম্বর ক্রমিকের পদের জন্য ১০০ (এক শত) টাকা এবং ০৩ নম্বর ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০১০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি এবং ১০/- টাকার ডাকটিকেটযুক্ত নিজ বর্তমান ঠিকানা সম্বলিত ৯.৫"- ৪" সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত ফেরত খামের উপর অবশ্যই ডানপাশে পদের নাম, নিজ জেলা ও প্রযোজ্য ক্ষেত্রে কোটা উল্লেখ করতে হবে।

৬। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে যে কোনো পদের পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্তকরন এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষের ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/০৭/২০১৫

সভাপতি

নিয়োগ কমিটি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

আপীল বিভাগ, ঢাকা।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## আপীল বিভাগ, ঢাকা।

সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি

চাকরির আবেদন ফরম

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১। | পদের নামঃ | | | | | |
| ২। | বিজ্ঞপ্তির নম্বরঃ | | তারিখঃ | দিন | মাস | বছর |
| ৩। | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ | | | | |
| ৪। | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | | |
| ৫। | জন্ম তারিখঃ | দিন | মাস | বছর | | |
| ৬। | জন্ম স্থান (জেলা)ঃ | | | | | |
| ৭। | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন | | |
| ৮। | মাতার নামঃ | | | | | |
| ৯। | পিতার নামঃ | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | ঠিকানাঃ | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
| | | বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| | | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | | ডাকঘরঃ | | |
| | | পোস্টকোড নম্বরঃ | | |
| | | উপজেলাঃ | | |
| | | জেলাঃ | | |
| ১১। | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) | |

| | | | |
|---|---|---|---|
| ১২। জাতীয়তাঃ | | ১৩। | লিঙ্গ (নারী/পুরুষ)ঃ |
| ১৪। ধর্মঃ | | ১৫। | পেশাঃ |

১৬। শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/ বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ | | | |
| ১৮। | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ | | | |
| ১৯। | কোটা (টিক দিন)ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | অনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০। | চালান নম্বরঃ | তারিখঃ | দিন / মাস / বছর | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১। | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

২২। আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | |
|---|---|---|---|
| তারিখঃ | দিন | মাস | বছর |

----------------------

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর